গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের দপ্তর, খুলনা ।
e-mail: khulna@cs.dghs.gov.bd

স্মারক নং-সি,এস,কে/নিয়োগ/শা-১/২০২৫/ ৭২৫

তারিখ ঃ ০৯ /০৪/২০২৫ ইং ।

# " পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি"

সিভিল সার্জন, খুলনা-এর প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের শূন্য পদ সমূহে ১১- ১৭ গ্রেড (পূর্বতন ৩য় শ্রেণী) জনবল নিয়োগের লক্ষে বাংলাদেশের নাগরিক এবং খুলনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হইতে নিম্নবর্নিত শর্ত স্বাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাইতেছে ঃ-

| ক্র নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ । | মেডিকেল টেকনোলজিষ্ট (ডেন্টাল) | ০৪ (চার) | গ্রেড ১১<br>স্কেল- ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (ডেন্টাল) বা ক্ষেত্রমত ফার্মেসিতে ডিপ্লোমা ডিগ্রি এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল হইতে রেজিষ্ট্রেশন প্রাপ্ত । |
| ২ । | মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাবঃ) | ১৪ (চৌদ্দ) | গ্রেড ১১<br>স্কেল- ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (ল্যাবঃ) এ ডিপ্লোমা ডিগ্রি । |
| ৩ । | হেলথ এডুকেটর | ০১ (এক) | গ্রেড ১১<br>স্কেল- ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বা জীববিজ্ঞান অনুষদভূক্ত যে কোন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি ।<br>অথবা<br>কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে স্বাস্থ্য শিক্ষায় এমপিএইচ ডিগ্রি । |
| ৪ । | কম্পিউটার অপারেটর | ০৩ (তিন) | গ্রেড ১৩<br>স্কেল- ১১০০০-২৬৫৯০/- | (ক)কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি ।<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজী প্রতি মিনিটে ৩০ শব্দ গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উর্ত্তীর্ন হতে হবে । |
| ৫ । | পরিসংখ্যানবিদ | ০৫ (পাঁচ) | গ্রেড ১৪<br>স্কেল- ১০২০০-২৪৬৮০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গনিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা । |
| ৬ । | কীটতত্ত্বীয় টেকনিশিয়ান | ০২ (দুই) | গ্রেড ১৫<br>স্কেল- ৯৭০০-২৩৪৯০/- | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |
| ৭ । | ষ্টোর কিপার | ০৬ (ছয়) | গ্রেড ১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) ষ্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে । |
| ৮ । | ড্রাইভার | ০৪ (চার) | গ্রেড ১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) হালকা গাড়ি চালনার হালনাগাদ বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স ।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন । |
| ৯ । | স্বাস্থ্য সহকারী | ১১৬<br>(একশত ষোল) | গ্রেড ১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/- | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |

শর্তাবলী ঃ-

১ । প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খুলনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে ।

২ । নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হইবে ।

৩ । সিভিল সার্জন, খুলনা-এর বরাবর তাহার কার্যালয়ে আগামী ইং ৩০/০৪/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ( বিকাল ০৫ টা পর্যন্ত) আবেদনপত্র সরাসরি/ডাকযোগে জমা দেওয়া যাইবে । (ডাকযোগে প্রেরিত আবেদনপত্র অবশ্যই ইং ৩০/০৪/২০২৫ তারিখ বিকাল ০৫টার মধ্যে অত্র দপ্তরে পৌছাইতে হইবে অন্যথায় বাতিল বলিয়া গণ্য হইবে) ।

৪ । প্রার্থীর বয়স ইং ১০/০৪/২০২৫ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বচ্চক ৩২ (বত্রিশ) বৎসরের মধ্যে হইতে হইবে । বয়স প্রমানের ক্ষেত্রে এ্যাভিডেভিট গ্রহন যোগ্য নয় ।

৫ । আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স ( ইং ১০/০৪/২০২৫ তারিখে), জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করিতে হইবে ।

৬ । আবেদন পত্রের সহিত জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্র ( বয়সের প্রমানক হিসাবে এস,এস,সি সনদ আবশ্যিক ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক স্থায়ী বাসিন্দা হিসাবে নাগরিক সনদ পত্রের সত্যায়িত (প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম সম্বলিত সিল ব্যবহৃত) ফটোকপি জমা দিতে হইবে । প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দাখিল করিতে হইবে ।

৭ । প্রতিটি পদের জন্য আবেদন পত্রের সাথে সিভিল সার্জন, খুলনা-এর অনুকূলে ১১ গ্রেড জন্য ১৫০.০০ ( একশত পঞ্চাশ ) টাকা তদনিম্ন সকল গ্রেড ১০০.০০ ( এক শত ) টাকার ব্যাংক ড্রাফট (অফেরযোগ্য) সোনালী ব্যাংক লিঃ-এর যে কোন শাখা হতে জমা দিতে হবে ।

৮ । আবেদনকারীকে বর্তমান ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকিটসহ ৯ ইঞ্চি x ৪ ইঞ্চি সাইজের ফেরৎ খাম আবেদনের সহিত জমা দিতে হইবে ।

৯ । স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড/ইউনিয়ন-এর স্থায়ী বাসিন্দা হইতে হইবে এবং নাগরিক সনদপত্রে তাহার নিজ গ্রাম ও সাবেক ওয়ার্ড নম্বর উল্লেখ থাকতে হইবে । চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত) প্রতিষ্ঠানের কর্মরত প্রার্থীগনকে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক নির্ধরিত সময় সীমার মধ্যে ) অবশ্যই যথাযথ কর্তপক্ষের অনুমোদন গ্রহন পূর্বক আবেদন করতে হবে । তবে চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি সনদ ( NOC ) এর মূল কপি বাধ্যতামূলক ভাবে জমা দিতে হইবে । তবে আবেদনপত্র যথাসময়ে ও তারিখে (ইং ৩০/০৪/২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাইতে হইবে ।

১০ । কম্পিউটার অপারেটর পদে প্রার্থীদের (প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ গতি সম্পন্ন হতে হবে) । কম্পিউটার অপারেটর পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিয়োগ বিধি মোতাবেক কম্পিউটার অপারেটর পদের জন্য সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে । ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মোখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যোগ্য হইবেন ।

১১ । ড্রাইভার পদের প্রার্থীগন লিখিত পরীক্ষায় উত্তীর্ণের পর বিধি মোতাবেক ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হইলে মোখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যোগ্য হইবেন ।

১২ । স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সাবেক ওয়ার্ড/ইউনিয়ন ভিত্তিক প্রার্থীদের নিয়োগ করা হইবে । যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী (সাবেক ওয়ার্ড/ইউনিয়ন) হইতে যোগ্য প্রার্থী দ্বারা শুন্য পদ পূরণ করা হইবে । সাবেক ওয়ার্ড ভিত্তিক শুন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে ।

১৩ । সরকার কর্তৃক জারিকৃত সাধারন মেধাভিত্তিক ৯৩%, মুক্তিযোদ্ধা,শহিদ মুক্তিযোদ্ধার বীরঙ্গনার সন্তানদের জন্য ৫% , ক্ষুদ্র নৃ- গোষ্ঠী ১% শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য ১% কোটা সংরক্ষন করা হইবে । বিশেষ কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি অনুযায়ী কোটার স্ব- পক্ষে কাগজপত্র আবেদনের সাথে জমা দিতে হইবে । নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শূন্য পদসমূহ মেধা তালিকা হইতে পুরন করা হইবে ।

১৪ । সকল পদের পরীক্ষা একই দিনে একই সময় অনুষ্ঠিত হইবে । সে ক্ষেত্রে এক জন প্রার্থী কেবল মাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন । একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গন্য হবে ।

১৫ । ত্রুটিপূর্ন আবেদনপত্র বাতিল বলিয়া গন্য হইবে । এই ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হইবে ।

১৬ । অত্র নিয়োগ বিজ্ঞপ্তি বিষয়ে কোন কিছু জানার থাকিলে সিভিল সার্জন, খুলনা কার্যালয়ে যোগাযোগ করা যাইতে পারে ।

১৭ । লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণকারীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না ।

১৮ । এই নিয়োগ বিজ্ঞপ্তিতে কোন প্রকার সংশোধন করা হইলে শুধু মাত্র অত্র দপ্তরের নোটিশ বোর্ডে এবং লোকাল পত্রিকায় প্রকাশের মাধ্যমে জানানো হইবে ।

১৯ । সিভিল সার্জন অফিস , খুলনার স্মারক নং-সি,এস,কে/নিয়োগ/শা-১/২০২২/১৭৪৫ তারিখ- ২৬/০৫/২০২২ ইং মোতাবেক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হইয়াছিল সে মোতাবেক যে সকল প্রার্থী আবেদন করিয়াছিলেন তাহাদেরকে পূনঃরায় আবেদন করার প্রয়োজন নাই ।

২০ । স্বাস্থ্য সহকারী পদে আবেদন করার ক্ষেত্রে সিটিকর্পোরেশনের স্থায়ী বাসিন্দাদের আবেদনের প্রয়োজন নাই ।

২১ । নিয়োগের ক্ষেত্রে সরকারী সকল বিধি বিধান এবং কোটা সংক্রান্ত নতুন নীতিমালা অনুসরন করা হবে । নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার স্বপক্ষে সরকার নিদ্ধারিত সনদ পত্র প্রমানক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য করা হবে এবং তার প্রার্থীতা বাতিল করা হবে । কোটায় নিয়োগের জন্য প্রার্থীর সনদ/প্রমানক বিবেচনা গ্রহনের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হইবে । নিয়োগকারী কর্তপক্ষ কর্তৃক সনদ/ প্রমানক যাচাইয়ে তা যথাযথ বলে প্রমানিত হতে হবে ।

২২ । লিখিত পরীক্ষয় উত্তীন প্রার্থীদের মৌখিক পরীক্ষায় সময় কাগজ পত্রের মূল কপি উপস্থাপন/ দাখিল করতে হবে ।

২৩ । এই নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার সকল প্রকার ক্ষমতা নিয়োগ/নির্বাচন কমিটি সংরক্ষন করেন ।

(ডাঃ মোছাঃ মাহফুজা খাতুন)
সিভিল সার্জন, খুলনা
ও
সদস্য সচিব
১১- ১৭ গ্রেড জনবল নিয়োগ কমিটি ।

G-973